



স্মারক নং ৪২.০২.০০০০.০০৩.৪২.০০১.৯৬-৯৮

তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু জনাব এসএম শাহাব উদ্দিন মাহমুদ, সচিব, ওয়ারপো ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি) সংযুক্ত বিগত ৩০/০৩/১৯৯১ তারিখে বন্যা পরিকল্পনা সমন্বয় সংস্থা (এপিএসও)-তে উপ-পরিচালক (প্রশাসন) হিসেবে ৬ষ্ঠ গ্রেডভুক্ত পদে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী অভিজ্ঞতা ছাড়া স্বাভাবিক প্রক্রিয়ার ব্যত্যয় ঘটিয়ে নিয়োগ লাভ করে চাকুরীতে যোগদান করেছেন এবং ওয়ারপোতে উপ-সচিব হিসেবে এফপিএসও হতে একীভূত হওয়ার সময় তিনি মন্ত্রণালয়ের অফিস আদেশের সকল শর্ত পূরণে ব্যর্থ ছিলেন এবং

যেহেতু তিনি প্রশাসনের একমাত্র দায়িত্বশীল কর্মকর্তা হওয়া সত্ত্বেও নিয়োগ লাভের পরে তার নিয়োগ সংক্রান্ত সকল তথ্য দাপ্তরিকভাবে সংরক্ষণ করেননি এবং তিনি iBAS++ ও EFT সংক্রান্ত ওয়ারপোর কার্যক্রমটি দীর্ঘ সূত্রীতায় ফেলে কর্তৃপক্ষের ন্যায় সংগত আদেশ অমান্য করেছেন এবং

যেহেতু ওয়ারপো প্রবিধিমালা ২ (জ) এর ১১ নম্বর ক্রমিকে উপ-সচিব পদে সরাসরি নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা হিসেবে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী প্রতিস্থাপনে তিনি ভূমিকা রেখেছেন যা সমগ্রভুক্ত অন্য পদের ক্ষেত্রে ন্যূনতম ০৮ বৎসের অভিজ্ঞতাসহ নির্ধারণ করা হয়েছে এবং

যেহেতু ওয়ারপোর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে প্রাথমিকভাবে তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়। এপ্রেক্ষিতে ওয়ারপোর প্রবিধিমালার ৩৫ (ক)(খ)(চ) অনুযায়ী “দায়িত্ব পালনে অবহেলা”, “অসদাচরণ” ও “প্রতারণা” এর অভিযোগে বিভাগীয় মামলা ০১/২০২১ রুজু করত: অভিযোগনামা ও অভিযোগ বিরবণী পস্তত করে ওয়ারপো স্মারক নম্বর ৩৪৬ তারিখ ০৪/০৪/২০২১ মাধ্যমে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে তিনি ২৩/০৫/২০২১ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন এবং


যেহেতু উক্ত বিভাগীয় মামলায় গত ৩১/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিঅন্তে মামলার অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্তের জন্য জনাব কেএম আবুল কালাম আজাদ, উপ-সচিব ও পরিচালক (কারিগরি) ওয়ারপোকে স্মারক ৪৮৬ তারিখ ৩১/০৫/২০২১ আদেশে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালক(কারিগরি)/ওয়ারপো/কন/২০২১ তারিখ ১৯/০৭/২০২১ মোতাবেক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এসএম শাহাব উদ্দিন মাহমুদ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ ওয়ারপোর প্রবিধিমালার ৩৫ (ক) দায়িত্ব পালনে অবহেলা ৩৫ (খ) অসদাচরণ ও ৩৫ (চ) প্রতারণার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয় এবং

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণার এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় ওয়ারপোর প্রবিধিমালার ৩৬ (আ) মোতাবেক তাকে চাকুরী হতে বরখাস্তকরণ গুরুত্ব প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত দন্ড কেন আরোপ করা হবে না সে বিষয়ে ওয়ারপো স্মারক নম্বর ৪৯ তারিখ ০৫/০৮/২০২১ মোতাবেক তদন্ত প্রতিবেদনের কপি সহ তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে তিনি ২২/০৮/২০২১ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং

যেহেতু জনাব এসএম শাহাব উদ্দিন মাহমুদ, সচিব, ওয়ারপো ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি) সংযুক্ত এর বিরুদ্ধে ওয়ারপোর প্রবিধিমালার ৩৫ (ক)(খ)(চ) অনুযায়ী “দায়িত্ব পালনে অবহেলা”, “অসদাচরণ” ও “প্রতারণা” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় উক্ত প্রবিধিমালার ৩৬ (আ)(ঘ) মোতাবেক তাকে “বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ” নামীয় দন্ড প্রদান করা হল।


সংস্থার স্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ দেলওয়ার হোসেন)
মহাপরিচালক
ওয়ারপো

জনাব এসএম শাহাব উদ্দিন মাহমুদ
সচিব ও
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতি) সংযুক্ত, ওয়ারপো

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), ওয়ারপো, ঢাকা।
- ৩। সচিব, ওয়ারপো, ঢাকা।
- ৪। পিএসও (সকল), ওয়ারপো, ঢাকা।
- ৫। উপ-সচিব, ওয়ারপো, ঢাকা।
- ৬। এসএসও (সকল), ওয়ারপো, ঢাকা।
- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, দ্বিতীয় ১২ তলা সরকারি অফিস ভবন, ১১ তলা সেগুবাগিচা, ঢাকা-১০০০।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, ওয়ারপো, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট নথি।


(মোঃ দেলওয়ার হোসেন)
মহাপরিচালক
ওয়ারপো